

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সেসব ব্যক্তিদের সাথে উঠা-বসা করার নির্দেশ যারা দ্বীনদার, সৎ; সেসব মুসলিমদের সাথে নয়, যারা এর বিপরীত চরিত্রের অধিকারী

ذِكْنُ الْأُمْرِ بِمُجَالَسَةِ الصَّالِحِينَ وَأَهْلِ الدِّينِ دُونَ أَضْدَادِهِمْ مِنَ الْمُسْلِمِينَ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَى قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ بْنِ كُرَيْبٍ قَالَ: حَدَّتَنَا أَبُو أَسَامَةَ عَنْ بُرَيْدٍ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَثَلُ أُسَامَةَ عَنْ بُرَيْدٍ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَثَلُ الْمَسْكِ إِمَّا الْجَلِيسِ الصَّالِحِ وَمَثَلُ جَلِيسِ السُّوءِ كَحَامِلِ الْمِسْكِ وَنَافِخِ الْكِيرِ فَحَامِلُ الْمِسْكِ إِمَّا أَنْ تَجِدَ أَنْ تَجِدَ مِنْهُ رِيحًا طَيِّبَةً وَنَافِخُ الْكِيرِ إِمَّا أَنْ يُحْرِقَ ثِيَابَكَ وَإِمَّا أَنْ تَجِدَ مِنْهُ رِيحًا طَيِّبَةً وَنَافِخُ الْكِيرِ إِمَّا أَنْ يُحْرِقَ ثِيَابَكَ وَإِمَّا أَنْ تَجِدَ مَنْهُ رِيحًا طَيِّبَةً وَنَافِخُ الْكِيرِ إِمَّا أَنْ يُحْرِقَ ثِيَابَكَ وَإِمَّا أَنْ تَجِدَ

الراوي: أَبُو مُوسَى المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 562 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৬২. আবু মুসা আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ভাল ও মন্দ সঙ্গীর উদাহরণ হলো সুগন্ধি বহনকারী ও হাপরে ফুঁৎকারকারীর ন্যায়। সুগন্ধি বহনকারী ব্যক্তি, হয়তো তুমি তার কাছ থেকে সুগন্ধি ক্রয় করবে অথবা তার থেকে তুমি সুদ্রাণ পাবে। আর হাপরে ফুঁৎকারকারী, সে হয়তো তোমার কাপড় পুড়িয়ে দিবে অথবা তার থেকে তুমি খারাপ গন্ধ পাবে।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ عَلَى إِبَاحَةِ الْمُقَايِسَاتِ فِي الدين.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "এই হাদীসে এই মর্মে প্রমাণ রয়েছে যে, দ্বীনি বিষয়ে কিয়াস করা বৈধ।"



ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৫৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৮৩; মুসনাদুশ শিহাব: ১৩৮০; সহীহ মুসলিম: ২৬২৮; আত তায়ালিসী: ৫১৫; মুসনাদ আহমাদ: ৪/৪০৮; আবু দাউদ: ৪৮২৯।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন